বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
"পল্লী ভবন"
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০.০০.৪১১.০৭.০২১.১৪-৭০২৫ তারিখ: ০২ অক্টোবর/২০১৮ খ্রি:

বিষয়ঃ জেলা ও উপজেলা দপ্তরসমূহে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয়।
সূত্র: i. স্মারক-১৮ তারিখ: ০৩ জানুয়ারি/২০১৬ খ্রি:
ii. স্মারক-৩৪৯৮ তারিখ: ২৮ মে/২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি নীতিমালার আলোকে বিআরডিবি'র সার্বিক কার্যক্রমকে তথ্য প্রযুক্তি নির্ভর করার লক্ষ্যে জেলা ও উপজেলা দপ্তরসমূহের কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের জন্য সূত্রস্থ স্মারক পত্রসমূহের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

২. এ প্রেক্ষিতে কিছু জেলা ও উপজেলা ইতোমধ্যে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয় করেছেন। পাশাপাশি সদর দপ্তর থেকে জেলা ও উপজেলা দপ্তরসমূহে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের জন্য বাজেট প্রেরণ করা হয়েছে। সে আলোকে সম্প্রতি জেলা ও উপজেলা দপ্তরসমূহে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হলে ক্রয় প্রক্রিয়ার বিষয়ে সুস্পস্ট নির্দেশনা না থাকায় জেলা ও উপজেলার কর্মকর্তাগণ বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছেন। এ বিষয়টি নিয়ে জেলা ও উপজেলা দপ্তর থেকে টেলিফোনে বিভিন্ন সময়ে ক্রয় প্রক্রিয়ার বিষয়ে জানতে চাওয়া হচ্ছে।

৩. এমতাবস্থায় সূত্রস্থ স্মারক পত্রসমূহের অনুসরণে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের জন্য নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করা যেতে পারে-

ক. সদরদপ্তর থেকে প্রাপ্ত রাজস্ব বাজেট থেকে উপজেলা দপ্তরসমূহের কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের প্রস্তাব সংশ্লিষ্ট জেলার উপপরিচালক অনুমোদন করবেন।

খ. . সদরদপ্তর থেকে প্রাপ্ত রাজস্ব বাজেট থেকে জেলা দপ্তরসমূহে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয় ও এ বিষয়ে সকল ক্ষেত্রে স্মারক নং-৩৪৯৮ তারিখ: ২৮ মে/২০১৭ খ্রি: এর পত্র অনুসরণ করতে হবে;

গ. সকল প্রকার কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী অবশ্যই ব্রান্ডের হতে হবে। এক্ষেত্রে ক্লোন করা কোন পিসি ক্রয় করলে তার জন্য যে কর্মকর্তা/কর্মচারী ক্রয় করবেন তিনি দায়ী হবেন।

ঘ. জেলা, উপজেলা এবং সদরদপ্তরে আইটি/কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে -

১. নূন্যতম স্পেসিফিকেশন হবে-

| Sl. No | Item | Specification |
|---|---|---|
| 01 | Computer (Desktop) | Any International recognized brand<br>Intel Core i5-7500Processor 6MB Cache, 3.4 GHz, up to 3.8 GHz with Intel Turbo Boost<br>1TB SATA HDD 7200 rpm<br>4GB RAM DDR4 with 2400 MHz<br>10/100/1000 baseT (built in /Integrated<br>Free DOS<br>18.5" LED Backlight Color Monitor, Same Brand<br>Slim SATA SuperMulti DVD writer<br>03 (three) years full warranty with spares parts and service. |
| 02 | Computer (Laptop) | Any International recognized brand<br>Laptop 2.5Ghz, 3M Cache, up to 3.10 GHz, 4GB Single Channel DDR4 2400MHz (4GBx1)<br>1TB 5400 rpm Hard Drive, 15.6-inch HD (1366 x 768) Anti-Glare LED-Backlit Display<br>Intel HD Graphics, integrated Widescreen HD 720P Webcam<br>Tray load DVD RW Drive, Wireless 802.11ac + Bluetooth 4.0, Dual Band 2.4&5 GHz, 1×1<br>SD Card Reader (SD, SDHC, SDXC)<br>VGA out,HDMI, RJ-45, Power, headphone/Microphone combo jack ,<br>(1) USB 3.0, (2) USB 2.0, Media Card Reader<br>headphone/microphone jack, AC Power In |

| | | |
|---|---|---|
| | | Ubuntu Linux 12.04 /FreeDOS, 3 Years for Laptop<br>1 Year for Battery |
| 03 | Projector<br>&<br>Screen | Any International recognized brand (Projector)<br>Product Code: Hitachi CP-X3042WN<br>Availability: In Stock<br>*Highlights*<br>Resolution: XGA (1024x768)<br>Brightness: 3200 Lumens<br>Light Source Wattage: 225 W<br>Light Source life: 5,000 Hrs<br>Screen Size:70" long x 70" high |
| | | Any International recognized brand (Screen)<br>Product Code: Apollo Tripod Projection Screen<br>Availability: In Stock<br>*Highlights*<br>Size:70" long x 70" high<br>Border: 1-inch Black<br>Type: Matte white finish |
| 04 | Printer | Any International recognized brand |
| 05 | UPS | |
| 06 | Scanner | |
| 07 | Digital Camera | |
| 08 | Internet Modem | |
| 09 | Wi-fi Router | |
| 10 | Pendrive | |

২. বর্ণিত স্পেসিফিকেশন এর আপগ্রেড আইটি সামগ্রী বাজারে পর্যাপ্ত থকলে তা ক্রয়ের উদ্যোগ নিতে হবে;

৩. পিপিআর-২০০৮ এর বিধিসমূহ অনুসরণপূর্বক আইটি খাতের মালামাল ক্রয় সম্পন্ন করতে হবে;

৪. কমিটি বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট এক বা একাধিক কর্মকর্তাকে কো-অপ করতে পারবে;

৫. মালামাল ক্রয় প্রক্রিয়ার স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে পিপিআর-২০০৮ এর তফসিল-২, বিধি-৮(২) এর অনুসরণে মালামাল ক্রয় প্রস্তাবের অনুমোদনকালে নূন্যতম ০৩ (তিন) সদস্য বিশিষ্ট ক্রয়/মূল্যায়ন কমিটি গঠন করতে হবে। এ কমিটিতে আইসিটি অধিদপ্তরের অন্তত ০১ জন প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার অন্তর্ভূক্ত করতে হবে;

৬. কমিটির সদস্যগণ পিপিআর-২০০৮ এর বিধি মোতাবেক সম্মানী ভাতা প্রাপ্য হবেন;

৭. ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সংশ্লিষ্ট আদেশসমূহ বাতিল করা হলো।


সৈয়দ মজিবুল হক
পরিচালক (পরিকল্পনা)
বিআরডিবি, ঢাকা।
☎ ৮১৮০০০৭
E-mail: drplan@brdb.gov.bd


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১. পরিচালক (প্রশাসন/সরেজমিন/অর্থ/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা/সিলেট।

২. যুগ্মপরিচালক......................................................(সকল), বিআরডিবি, ঢাকা।

৩. প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক..............................(সকল), বিআরডিবি, ঢাকা/রংপুর/ফরিদপুর/কুড়িগ্রাম

৪. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৬. উপপরিচালক .....................................(সকল), বিআরডিবি, ঢাকা।

৭. উপপরিচালক.......................................সকল), জেলাদপ্তর, বিআরডিবি, ঢাকা।

৮. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,......................(সকল), জেলাদপ্তর, বিআরডিবি, ঢাকা।


নাজনীন খানম
উপপরিচালক (প্রোগ্রামিং)
বিআরডিবি, ঢাকা।
☎ ৮১৮০০২৫
E-mail: ddprog@brdb.gov.bd